দৈনিক ইত্তেফাক

তারিখ 23 DEC 1993
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

137

# মাগুরায় ১৫ হাজার শিশু শিক্ষার আলো হইতে বঞ্চিত

মাগুরা সংবাদদাতা ॥ মাগুরা জেলায় এখনও প্রায় ১৫ হাজার শিশু প্রাথমিক বিদ্যালয়ে যায় না। জেলা প্রাথমিক শিক্ষা দফতর সূত্রে জানা যায়, বর্তমান জরিপে জেলার চারটি থানায় মোট প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা গ্রহণের উপযোগী বয়স্ক শিশুর সংখ্যা প্রায় ১ লক্ষ ২৫ হাজার। তন্মধ্যে বালক ৬৬ হাজার এবং বালিকা ৫৯ হাজার। কিন্তু বর্তমানে বিদ্যালয়ে ভর্তি আছে বালক ৫৯ হাজার এবং বালিকা ৫১ হাজার। তাহাদের মধ্যে অনেকেই নিয়মিত বিদ্যালয়ে যায় না। খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচীর আও-

(৪থ পৃঃ দ্রঃ)

## মাগুরায়

( ৩য় পৃঃ পর )

তায় পড়িয়াছে মাত্র২৭টি সরকারী বিদ্যালয়। ঐ সকল বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির সংখ্যা বৃদ্ধি পাইতেছে। শিক্ষার্থীদের সংখ্যার তুলনায় বিদ্যালয়ের সংখ্যা অপ্রতুল। জেলায় মোট সরকারী বিদ্যালয়ের সংখ্যা ২৬৭টি। সেখানে পড়াশুনার পরিবেশ নাই। অধিকাংশ বিদ্যালয়ের আসবাবপত্র নাই। বসিবার বেঞ্চের অভাবে ছাত্র-ছাত্রীরা মাটিতে বসিয়া পড়ে। বিদ্যালয় গৃহগুলি জরাজীর্ণ ও ভাঙ্গাচোরা। জেলা শিক্ষা অফিসার জানান, শতকরা ৫০ ভাগ বিদ্যালয়ে আসবাবপত্রের অভাব এবং ২৫ ভাগ বিদ্যালয় গৃহ জরাজীর্ণ। সংস্কার করা দরকার। কিন্তু ফেসিলিটি বিভাগ চালু হবার পর অন্য বিদ্যালয়ের পুনঃ সংস্কারের জন্য বরাদ্দ দেওয়া হয় না।